যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ইস্টার্ন ব্যাংক শিক্ষা মেলা শুরু

যুগান্তর রিপোর্ট


দেশের শিক্ষার্থীদের উচ্চশিক্ষা সম্পর্কে যুগোপযোগী ধারণা দিতে ৬ দিনব্যাপী ইস্টার্ন ব্যাংক লিমিটেড শিক্ষা মেলা-২০০৬ বৃহস্পতিবার বসুন্ধরা সিটির লেভেল-৭-এ শুরু হয়েছে। ষষ্ঠবারের মতো ৬ দিনব্যাপী এ মেলার আয়োজন করেছে কনফারেন্স এন্ড এক্সিভিশন ম্যানেজমেন্ট সার্ভিস লিমিটেড (সেমস)। বৃহস্পতিবার মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন মেলার স্পন্সর ইস্টার্ন ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কে মাহমুদ সাত্তার। উদ্বোধনী অনুষ্ঠান পরিচালনা করেন সেমসের ব্যবস্থাপনা পরিচালক মেহেরুন এন ইসলাম। এবারের মেলায় মিডিয়া পার্টনার হিসেবে রয়েছে দৈনিক যুগান্তর, ডেইলি স্টার ও চ্যানেল আই।

প্রধান অতিথির বক্তৃতায় আনম এহসানুল হক মিলন বলেন, উচ্চশিক্ষার প্রসারে এই এক্সপো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। শিক্ষা ব্যবস্থাকে বিকশিত করতে সেমসের এ উদ্যোগকে স্বাগত জানিয়ে তিনি বলেন, উচ্চশিক্ষা অর্জনের জন্য বিদেশে যাওয়ার নানা প্রক্রিয়া সম্পন্ন করতে হয়। এই এক্সপো থেকে শিক্ষার্থীরা দেশের বাইরে যাওয়ার প্রক্রিয়াগুলো অবগত হতে পারবে। তিনি বলেন, জোট সরকার আবার ক্ষমতায় এলে বাংলাদেশ ব্যাংক থেকে শিক্ষার্থীদের শিক্ষা ঋণ দেয়ার ব্যবস্থা করবে।

ইস্টার্ন ব্যাংকের কে মাহমুদ সাত্তার বলেন, এ ধরনের একটি শিক্ষা মেলার স্পন্সর করতে পেরে ইস্টার্ন ব্যাংক সত্যিই আনন্দিত। বর্তমান প্রেক্ষাপটের বিবেচনায় এ ধরনের মেলার আয়োজন অত্যন্ত সময়োপযোগী।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রতিমন্ত্রী বিভিন্ন স্টল পরিদর্শন করেন। মেলায় ইস্টার্ন ব্যাংক লিমিটেডের স্টলের সৈয়দা নুশরাত ফাহমিন যুগান্তরকে জানান, মেলায় ইস্টার্ন ব্যাংক

শুরু : পৃষ্ঠা ২ : কলাম ৬



যুগা

ইস্টার্ন ব্যাংক শিক্ষা মেলা উদ্বোধন করছেন শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন

## শুরু : মেলা

(৩য় পৃষ্ঠার পর)

শিক্ষার্থীদের কোন অ্যাকাউন্ট ছাড়াই লাইফ স্টাইলসহ চারটি প্রি-পেইড কার্ড অফার করছে। মেলায় পার্ল ফ্যাশন ইন্সটিটিউট বাংলাদেশ স্টলের স্বত্বাধিকারী রঞ্জত ভট্টাচার্য বলেন, গার্মেন্টস শিল্পের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ গ্রহণ জরুরি। এ সম্পর্কে পার্ল ফ্যাশন সহযোগিতা করতে প্রস্তুত।

এবারের মেলায় দেশী-বিদেশী প্রায় ৯০টি স্টল রয়েছে। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, জার্মানিসহ ১৫টি বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা মেলায় অংশগ্রহণ করেন। এসব স্টল থেকে শিক্ষার্থীরা দেশ-বিদেশের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে জানতে পারবে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা চলবে। মেলায় প্রবেশ মূল্য নির্ধারণ করা হয়েছে ১০ টাকা।